

(একই তারিখ ও স্মারকের দুলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

স্মারক নম্বর: ২২.০২.০০০০.০১৮.৫২.০০১.২১.০০০০

তারিখ: ২৫/০৬/১৪২৮ বঙ্গাব্দ
১০/১০/২০২১ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

পরিবেশ অধিদপ্তর সদর দপ্তরের বিগত ১৪/১১/২০০৭ তারিখের পঅ/ছাড়পত্র/২১৬৯(২য় খণ্ড)/২০০৫/২৯৬০ সংখ্যক স্মারকের বরাতে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল-১ এর তালিকা বহির্ভূত শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের ছাড়পত্র প্রদানের লক্ষ্যে প্রণীত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সমতুল্য শ্রেণি তালিকায় ২০ নম্বর ক্রমিকভুক্ত 'লাল' সমতুল্য শ্রেণি হিসেবে চিহ্নিত 'জাহাজ ভাঙ্গা'-কে এতদ্বারা অবলোপন করা হলো।

০২। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ধারা ১২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৭(৬) এর অধীন প্রতিটি জাহাজ ভাঙ্গার জন্য পরিবেশ অধিদপ্তরের ১১/১১/২০১০ তারিখে পরিবেশ/প্রশাঃ(ক্ষমতা অর্পণ)-২৪১/২০০২/৮০২ সংখ্যক স্মারকের বরাতে পরিচালক, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগকে ক্ষমতা অর্পণ করা হয়। বর্ণিত অফিস আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

০৩। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, পরিবেশ অধিদপ্তর কর্তৃক এই আদেশ জারীর পর হতে 'জাহাজ ভাঙ্গা' প্রতিষ্ঠান পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৭(২) এর তফসিল-১ এ ৬৬ নম্বর ক্রমিকভুক্ত কমলা-খ শ্রেণি হিসেবে ছাড়পত্র প্রক্রিয়াকরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য যে, অন্যান্য 'কমলা-খ' শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের ন্যায় জাহাজ ভাঙ্গা প্রতিষ্ঠানের ছাড়পত্র প্রক্রিয়া করার ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ২৬/০৯/২০১৬ তারিখের ২২.০২.০০০০.০০৭.৩৮.৪৪০.১৬/৪৪১ এর বরাতে জারীকৃত ক্ষমতা অর্পণ সংক্রান্ত পরিপত্র অনুযায়ী প্রয়োগযোগ্য ক্ষমতা প্রযোজ্য হবে।


(মোঃ আশরাফ উদ্দিন)
মহাপরিচালক
ফোন: ৮১৮১৮০০

বিতরণ:

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (পরিবেশগত ছাড়পত্র/আইন/জলবায়ু ও আন্তর্জাতিক কনভেনশন/এনফোর্সমেন্ট ও মনিটরিং/উন্নয়ন ও পরিকল্পনা/আইটি/প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/বায়ুমান ব্যবস্থাপনা/রাসায়নিক বর্জ্য ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/ঢাকা গবেষণাগার/চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম মহানগর/ রাজশাহী বিভাগ/খুলনা বিভাগ/সিলেট বিভাগ/রংপুর বিভাগ/ময়মনসিংহ বিভাগ/বরিশাল বিভাগ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।